আয়ুর্ব্বেদীয় ঔষধ ও তৈলাদির
নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবনের**
**চ্যবনপ্রাশ**
কবিরাজ শ্রীরোহিনীকুমার রায়, বি-এ,
কবিরত্ন, বৈদ্যশেখর
রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

হাতে কাটা
**বিশুদ্ধ পৈতা**
পণ্ডিত-প্রেসে পাইবেন।

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ
সাপ্তাহিক সংবাদ-পত্র

**বহরমপুর এক্সরে ক্লিনিক**
জল গম্বুজের নিকট
পোঃ বহরমপুর ঃ মুর্শিদাবাদ
জেলার প্রথম বেসরকারী প্রচেষ্টা
★ বিশেষ যত্ন সহকারে রোগিদের এক্সরের সাহায্যে রোগ পরীক্ষা করিয়া ব্যবস্থা করা হয়।
★ যথা সত্বর কাজ করা আমাদের বিশেষত্ব।
★ কলিকাতার মত এক্সরে করা হয়।
★ দিবারাত্রি খোলা থাকে।
জেলাবাসীর সহানুভূতি ও সহযোগিতা প্রার্থনীয়।

৫১শ বর্ষ } রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ—১লা পৌষ বুধবার, ১৩৭১ ইং 16th Dec. 1964 {২৯শ সংখ্যা


সকল ঘরের তরে...
**দীপ্তি লণ্ঠন**
ওরিয়েণ্টাল মেটাল ইণ্ডাষ্ট্রিজ লিঃ ৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা ১২
C. P. Serv.

**রান্নায় আনন্দ**
এই কেরোসিন কুকারটির অভিনবত্ব রন্ধনের ভীতি দূর করে রন্ধন-প্রীতি এনে দিয়েছে।
রান্নার সময়েও আপনি বিশ্রামের সুযোগ পাবেন। কয়লা ভেঙে উনুন ধরাবার পরিশ্রম নেই, অস্বাস্থ্যকর ধোঁয়া না থাকায় ঘরে ঘরে ঝুলও জমবে না।
জটিলতাহীন এই কুকারটির সহজ ব্যবহার প্রণালী আপনাকে তৃপ্তি দেবে।
• ধুলা, ধোঁয়া বা ঝঞ্ঝাটহীন।
• স্বল্পমূল্য ও সম্পূর্ণ নিরাপদ।
• যে কোনো অংশ সহজলভ্য।


**খাস জনতা**
কেরোসিন কুকার
উন্নত কারিগরি ও নিপুণতা আমাদের।
প্রস্তুতকারক :
দি ওরিয়েন্টাল মেটাল ইণ্ডাষ্ট্রীজ প্রাইভেট লিঃ
৭৭, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা-১২
KALPANA O. M.

**আর. পি. ওয়াচ কোং**
পোঃ রঘুনাথগঞ্জ — জেলা মুর্শিদাবাদ।
ছোট বড় যে কোন ঘড়ি, দেওয়াল ঘড়ি ও হাতঘড়ি সুলভে নির্ভরযোগ্য মেরামতের জন্য আর. পি. ওয়াচ কোং র দোকানে পাঠিয়ে দিন। বিনীত—শ্রীশঙ্করপ্রসাদ ভকত

স্টুডেন্টস ফেভারিট
রঘুনাথগঞ্জ, ( বাস ষ্ট্যাণ্ড ) মুর্শিদাবাদ
★ পাঠাগার, স্কুল ও কলেজের সব রকমের বই, খেলার সরঞ্জাম, কাগজ পেন ইত্যাদি সবচেয়ে সুবিধায় কিনুন।

## শারদীয়া মহাপূজার প্রাপ্য অবকাশ

চিরাচরিত প্রথামত শারদীয়া মহাপূজার জন্য দুই সপ্তাহ অবকাশ লওয়া হয় কিন্তু উহা আমরা লই নাই। গত ২৫শে কার্ত্তিক, ও ২৩শে অগ্রহায়ণ, ১৩৭১ দুই সংখ্যা বন্ধ ছিল। এই দুই সপ্তাহ আমাদের প্রাপ্য অবকাশ হিসাবে গণ্য হইবে।

সম্পাদক—'জং সংবাদ।'

---

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

জঙ্গিপুর সংবাদ

১লা পৌষ বুধবার সন ১৩৭১ সাল।

# কপালং কপালং কপালং হি মূলং!

যখন আমার বয়স সাত কি আট বৎসর তখন একজন ভিক্ষুক বৈষ্ণব বাবাজী হাতে একতারা নিয়ে বাজাতো আর গান গাইতো—

গান

বলবো কি কপালের কথা
যায় না গো বলা—
কারো ভাগ্যে অট্টালিকা
কারো গাছতলা।
কেউ পেটের জন্য দীন ভিখারী,
ভিক মাগিছে বাড়ী বাড়ী,
কেউ করিছে চৌকীদারী
কেউ সদরওয়ালা।
দুঃখু করে কত নারী—
তাদের নাইকো বলে শাঁখা শাড়ী,
কারো কানে ঝুমকো ঢেঁড়ী,
কারো কানবালা।

গানের এই অংশটুকুই শিখতে পেরেছিলাম। কারণ, এক এক গৃহস্থের বাড়ীতে এইটুকু গান না হতেই, যখন মেয়েরা বিরক্তি দূর করার জন্য "মাপ করো" বলে আপদ দূর করতো। অন্য বাড়ীতে গিয়ে গান আরম্ভ করার সঙ্গেই এক মুঠো চা'ল দিতেই ঝোলায় নিয়ে চলে যেত। কাজেই গানটি মনে করে সবটা শিখবার সুবিধা আমার ভাগ্যে হয়নি। যখন এগার কি বারো বৎসর বয়সে উচ্চ ইংরাজী বিদ্যালয়ে ভর্ত্তি হলাম—তখন সংস্কৃত পণ্ডিত মশায়, শ্লোক লিখতে বলতেন। শ্রুতিলিখন ব'লে যেতেন আমরা শুনে শুনে তাড়াতাড়ি লিখতাম। সংস্কৃত শ্লোকে বানান ভুল হতো যতগুলি, নিজের হাতে নিজের গালে ততবার চড় খেতে হতো। আস্তে আস্তে চড় মারলে হতো না। "চটাস্ চটাস্" আওয়াজ না হলে সে চড় গণনা করতেন না। একটা শ্রুতিলিখনের নমুনা দেখাচ্ছি।

"কিম্বা স্বয়ম্ভু-শিব-শক্তি-বিষ্ণুং
কপাল-দুঃখং ন করোতি দূরম্
অতঃপরং জীব—স্বকর্ম্ম ভোগঃ
কপালং কপালং কপালং হি মূলং।"

নিজের হাতে নিজের গালে চপেটাঘাত খাইয়া মনকে বুঝাইতাম—গালকে সাধু ভাষায় কপোল বলে।

কপাল ও কপোল বানান প্রায়ই এক, কেবল কপোলে একটি ে একার বেশী। কপালের আশে পাশেই ললাট-লিখন ফলিয়া থাকে।

কপালের দুই পার্শ্বে দুইটি কর্ণ আছে। কর্ণ দুটি মর্দ্দন দণ্ড উপভোগ করিয়া ললাট-লিখন সফল করে। কপোল অর্থাৎ গণ্ডদেশ চপেটাঘাতে অদৃষ্টের ফল ফলাইয়া দেয়। মরণের পরও যে মৃতের দেহাবশেষকেও দণ্ডভোগ করিতে হয় সে গল্পটিও লিখিলাম।

"ভোজনং যত্র কুত্রাপি শয়নং হট্টমন্দিরে।
মরণং গোমতীতীরে অপরঞ্চ কিং ভবিষ্যতি॥"

একদা জ্যোতিষশাস্ত্র-বিশারদ কোন ব্রাহ্মণ পথিমধ্যে একটি মৃতের মস্তক দেখিতে পাইলেন, এবং তাহার ললাটলিপি পাঠ করিয়া দেখিলেন তাহাতে লিখিত আছে, "ইহার ভোজন যেখানে সেখানে, শয়ন হাটের চালায়, মরণ গোমতী-তীরে অর্থাৎ গোভাগাড়ে হইবে, এবং ইহার পরে আরও যে কি ঘটিবে, তাহা কে বলিতে পারে।" ইহা পাঠ করিয়া ব্রাহ্মণ ভাবিলেন, এ ব্যক্তির যাহা ঘটিবার ঘটিয়াছে, এখন এই শেষ মাথাটার আবার কি পরিণাম ঘটিতে পারে? কৌতূহলাক্রান্ত ব্রাহ্মণ তখন ইহার পরীক্ষার জন্য মাথাটীকে লইয়া গৃহে আসিলেন, এবং গৃহমধ্যে এক গুপ্তস্থানে তাহা রাখিয়া দিলেন। একদিন তাঁহার পত্নী গৃহকার্য্য করিতে করিতে সহসা ঐ মাথাটী দেখিতে পাইল, এবং দেখিয়া ভাবিল, এ নিশ্চয়ই আমার স্বামীর প্রণয়-পাত্রী ছিল; মৃত্যুর পরও উহাকে ভুলিতে না পারায় স্বামী ইহার মাথাটীকে আনিয়া ঘরের ভিতর লুকাইয়া রাখিয়াছে। যাহা হউক, ইহার উপযুক্ত প্রতিফল দিতে হইবে। এই ভাবিয়া ব্রাহ্মণী হিংসাবশে মাথাটীকে চূর্ণ করিল, এবং সেই চূর্ণগুলি লইয়া বিষ্ঠা মধ্যে নিক্ষেপ করিল। পরে এই ঘটনা প্রকাশ পাইলে ব্রাহ্মণ বুঝিতে পারিলেন যে, ইহার ভাগ্যে যে 'অপরঞ্চ কিং ভবিষ্যতি' অর্থাৎ পরে আবার কি হইবে লেখা ছিল, তাহা এই।

---

## আদর্শ কর্ম্মী

পোরবন্দরের একটি সিমেণ্ট কারখানার শ্রমিক দামজী গোপালজী তাহার ৪৫ বৎসরকাল চাকুরী-কালে একদিনের জন্যও 'অসুস্থতা-বাবদ' ছুটি লন নাই। সম্প্রতি তিনি পোরবন্দর সিমেণ্ট ওয়ার্কস্-এর চাকুরী হইতে অবসর গ্রহণ করিয়াছেন। উক্ত সিমেণ্ট কারখানার কর্ত্তৃপক্ষ তাহাকে নগদ পাঁচ হাজার টাকা পুরস্কার দিয়াছেন।

---

## ঘুড়ি উড়াইতে গিয়া বিপত্তি

১লা পৌষ প্রাতে রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত তেঘরী গ্রামের শ্রীমোহিনীমোহন রায় মহাশয়ের ১১ বৎসর বয়স্ক পৌত্র ঘুড়ি উড়াইবার সময় ছাদ হইতে পড়িয়া গিয়া আহত হইয়াছে। স্থানীয় হাসপাতালে উক্ত বালকের চিকিৎসা চলিতেছে। রায় মহাশয়ের বিপদ দেখে অন্যান্য অভিভাবকগণ সতর্ক হইলে বিপদের হাত হইতে রক্ষা পাইবেন।

---

## জার্ম্মানিতে স্বাস্থ্যরক্ষা

গণতান্ত্রিক জার্মানিতে সবচেয়ে বেশি নজর দেওয়া হয় জনসাধারণের স্বাস্থ্যরক্ষার দিকে। এই উদ্দেশ্যে রোগনিবারক ব্যবস্থার ব্যাপক আয়োজন করা হয়েছে। প্রসূতি ও শিশুদের জন্য আছে পরীক্ষা-কেন্দ্র। স্কুলের ছেলেমেয়েদের জন্য স্বাস্থ্য-রক্ষা ব্যবস্থা। বাপমায়েরা যাতে শিশুদের স্বাস্থ্যরক্ষা সম্পর্কে সচেতন হয়ে ওঠেন সেজন্যে বয়স্কদের মধ্যেও যথেষ্ট প্রচারকার্য হয়ে থাকে। মদ ও তামাকের প্রতি আসক্তি কমাবার জন্যেও সর্বপ্রকার চেষ্টা আছে।

শিল্পোন্নত দেশের নাগরিকরা শুধুই একতরফা পেশাগত কায়িক শ্রমে নিযুক্ত থাকেন বলে তাঁদের স্বাস্থ্য ভেঙে পড়ে। খেলাধুলার ব্যবস্থা করে এই অবস্থার প্রতিকার হতে পারে। এই উদ্দেশ্যে গণতান্ত্রিক জার্মানিতে সকল বয়সের মানুষের জন্য অতি ব্যাপক খেলাধুলার ব্যবস্থা আছে। খেলাধুলায় উৎসাহ দেবার জন্য গণতান্ত্রিক জার্মানিতে সরকারী কোষাগার থেকে প্রতি বছরে প্রায় দশ কোটি মার্ক ব্যয় করা হয়। তাছাড়া আছে শিশু-বয়স থেকেই প্রতিষেধমূলক ব্যবস্থা (বি-সি-জি), ডিপ্‌থেরিয়া, হুপিং কাশি ও টিটেনাস রোগের প্রতিষেধক টীকা প্রত্যেকটি শিশুকে দেওয়া হয়ে থাকে।

## তাড়ি পানে দুইজনের প্রাণহানি

গত ২০শে অগ্রহায়ণ রবিবার রঘুনাথগঞ্জ সহরের সন্নিকটস্থ গোপালনগর গ্রামের শ্রীললিত-মোহন ঘোষ ও শ্রীযুগল ঘোষ তাড়ি পান করে। কিছুক্ষণ পর উহাদের সংজ্ঞা লোপ পায় এবং মৃত্যুমুখে পতিত হয়। বিষাক্ত তাড়ির জন্য উহাদের প্রাণহানি হইয়াছে। পরদিন উহাদের শব ব্যবচ্ছেদ করা হয়। পুলিশ তদন্ত চলিতেছে।

**জাতীয় প্রতিরক্ষা তহবিলে মুক্তহস্তে দান করুন**

## পরিচ্ছন্নতা ও অধ্যবসায় বাঞ্ছনীয়

জার্মান পিতামাতারা চায় তাদের সন্তান-সন্ততিরা যেন পরিচ্ছন্ন ও অধ্যবসায়ী হয়। এটী একটী সাম্প্রতিক সমীক্ষার ফলে প্রকাশ পেয়েছে। সন্তানসন্ততিদের কাছে বাধ্যতা ও বশ্যতা, পরিচ্ছন্নতা ও অধ্যবসায় কিংবা স্বাধীনতা ও স্বেচ্ছাচার কোনটা মানুষে আশা করে এই প্রশ্নের উত্তরে শতকরা ৪৫ জন পিতামাতা পরিচ্ছন্নতা ও অধ্যবসায়কে ঐ তালিকার শীর্ষে স্থান দিয়েছেন। এই সমীক্ষায় আরও জানা গেছে যে চাষীমজুর শ্রেণীর লোকও কর্ম থেকে অবসরপ্রাপ্ত বৃদ্ধেরা ছেলেমেয়েদের কড়া শাসনে রেখে মানুষ ক'রে তোলার পক্ষপাতী। কেরানী, সরকারী পদস্থ চাকুরে ও স্বাধীন পেশায় নিযুক্ত লোকেরা অবশ্য অতটা কড়াকড়ি পছন্দ করেন না।

## পরলোকগমন

গত ৬ই ডিসেম্বর রবিবার সকালে রায়বাহাদুর অনিলকুমার চ্যাটার্জি হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়ায় পরলোকগমন করিয়াছেন। তিনি কিছুকাল হ'তে অসুস্থ ছিলেন। উক্ত দিনে তিনি বাথরুমে যাওয়াকালীন হৃদরোগে আক্রান্ত হইয়া পড়িয়া যান। তিনি খ্যাতনামা আইন ব্যবসায়ী ছিলেন। বহরমপুর মিউনিসিপ্যালিটির কমিশনার, ভাইস-চেয়ারম্যান এবং পরে একটানা ১১ বৎসর চেয়ারম্যানের পদে অধিষ্ঠিত ছিলেন। তিনি তৎকালীন ভারত সরকার কর্তৃক রায়বাহাদুর ও এম-বি-ই উপাধিতে ভূষিত হন। তিনি বিধবা পত্নী, ৬ পুত্র, ২ কন্যা ও বহু আত্মীয়স্বজন রাখিয়া যান। আমরা তাঁহার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করিয়া শোকসন্তপ্ত পরিজনবর্গের শোকে সমবেদনা জানাইতেছি।

## পোক্তা বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ সহর হইতে তিন মাইলের মধ্যে অবস্থিত দফরপুর গ্রামে ৫ কুঠরী ঘর, স্যানিটারী পায়খানা এবং বাড়ীর সম্মুখে ফুল বাগানের উপযোগী স্থান সহ বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

পণ্ডিত-প্রেস

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ।

## ফরাক্কা কেন্দ্রের উপনির্ব্বাচন

গত ৬ই ডিসেম্বর রবিবার ফরাক্কা কেন্দ্রে বিধানসভা আসনের জন্য যে উপনির্ব্বাচন হইয়াছে তাহাতে কংগ্রেস প্রার্থী সৈয়দ আবুলহোসেন তাঁহার নিকটতম প্রতিদ্বন্দ্বী আর. এস, পি সমর্থিত প্রার্থী শ্রী টি, এ, নুরন্নবী অপেক্ষা ২,৬৮০ ভোট বেশী পাইয়া নির্ব্বাচিত হইয়াছেন। নিম্নে ভোটের ফলাফল দেওয়া গেল।

সৈয়দ আবুল হোসেন (কং)—১০,১৮৫
শ্রীসত্যদেব গুপ্ত (নিঃ)—৩২২২
শ্রী টি, এ, নুরন্নবী (নিঃ)—৭,৫০৫
শ্রীআজিজুর রহমান বিশ্বাস (নিঃ)—৫৭১
প্রদত্ত ভোট—২১,৪৮৩; বাতিল ভোট—৬৩৮

## বাড়ী ভাড়া

রঘুনাথগঞ্জ ফাঁসীতলায় সদর রাস্তার উপর ইলেকট্রিক আলো ও স্যানিটারী পায়খানা সহ বাড়ী ভাড়া দেওয়া হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীদুর্গাপদ চট্টোপাধ্যায়
জঙ্গিপুর।

## নোটিশ

ইং ১৯৪০ সালের বঙ্গীয় সমবায় আইন বিষয়ক
এবং
মির্জাপুর রেশম বয়ন শিল্পী সমবায় সমিতি
লিঃ বিষয়ক

এতদ্দ্বারা সংশ্লিষ্ট ব্যক্তিগণকে জানান যাইতেছে যে, উক্ত সমিতির ইং ১৯৬৩-৬৪ সালের বাৎসরিক অডিট চলিতেছে। সভ্য, আমানতকারী, দেনাদার, পাওনাদার ও অন্যান্য সংশ্লিষ্ট ব্যক্তিগণকে অনুরোধ করা যাইতেছে যে, তাঁহারা উক্ত সমিতির অফিসে এই বিজ্ঞপ্তি প্রকাশনের সাতদিনের মধ্যে আসিয়া ৩০।৬।৬৪ তারিখের স্ব স্ব হিসাব মিলাইয়া লইবেন। অন্যথায় সমিতির বহিতে লেখা হিসাব চূড়ান্ত বলিয়া গণ্য করা হইবে। ইহা প্রকাশ থাকে যে, ইহা ব্যতীত অন্য কোন পত্রাদি দেওয়া হইবে না। ইতি—

স্বাঃ এল, প্রধান
চার্টার্ড একাউন্ট্যান্ট
৯-১২-৬৪ ৫নং হেষ্টিং ষ্ট্রীট, কলিকাতা—১



বিশ্বস্ততার প্রতীক

গত আশী বছর ধরে জবাকুসুম কেশ তৈল প্রস্তুতকারক হিসাবে সি, কে, সেনের নাম সবাই জানেন তাই খাঁটী আমলা তেল কিনতে হলে সি, কে, সেনের আমলা তেল কিনতে ভুলবেন না। সি, কে, সেনের আমলা তেল কেশবর্দ্ধক ও স্নায়ু স্নিগ্ধকর

সি, কে, সেনের

**আমলা** কেশ



সি, কে, সেন এণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা-১২

প্রাথমিক, মধ্য, উচ্চ এবং বহুমুখী বিদ্যালয়ের যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং **বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি** ইত্যাদি ও অঞ্চল পঞ্চায়েৎ, গ্রাম পঞ্চায়েৎ, ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়, কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি

**সর্বদা সুলভ মূল্যে বিক্রয় হয়**

রবার ষ্টাম্প অর্ডারমত যথাসময়ে ডেলিভারী দেওয়া হয়

## আর্ট ইউনিয়ন

সিটি সেলস অফিস
৮০/৩, মহাত্মা গান্ধী রোড, কলি-৯
টেলি: 'আর্ট ইউনিয়ন' কলি:

সেলস অফিস ও শোরুম
৮০।১৫, গ্রে ষ্ট্রীট, কলিকাতা-৬
ফোন: ৫৫-৪৩৬৬

শীতে ব্যবহারোপযোগী

মৃতসঞ্জীবনী সুধা, মহাদ্রাক্ষারিষ্ট চ্যবনপ্রাশ

**ঢাকা আয়ুর্ব্বেদীয় ফার্ম্মেসী লিঃ ও সাধনা ঔষধালয়ের প্রস্তুত**

যাবতীয় কবিরাজী ঔষধ কোম্পানীর দামে আমাদের এখানে পাবেন।

এজেন্ট—শ্রীননীগোপাল সেন, কবিরাজ

অন্নপূর্ণা ফার্ম্মেসী। রঘুনাথগঞ্জ (সদরঘাট)

## শ্রীঅরুণ

কমার্শিয়াল আর্টিষ্ট ও ফটোগ্রাফার

ছায়াবাণী সিনেমার সম্মুখে

পোঃ রঘুনাথগঞ্জ — মুশিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

**জঙ্গিপুর সংবাদ** সাপ্তাহিক সংবাদপত্র।

বাষিক মূল্য ২.২৫ নঃ পঃ অগ্রিম দেয়, নগদ মূল্য ০৬ নঃ পঃ।

বিজ্ঞাপনের হার—প্রতিবার প্রতি লাইন ৫০ নঃ পঃ। দুই টাকার কমে কোন বিজ্ঞাপন ছাপান হয় না। স্থায়ী বিজ্ঞাপনের জন্য পত্র লিখুন। ইংরাজী বিজ্ঞাপনের দর বাংলার দ্বিগুণ।

শ্রীবিনয়কুমার পণ্ডিত পোঃ রঘুনাথগঞ্জ (মুশিদাবাদ)